যুগান্তর

তারিখ ... 27 AUG 2009 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৩ ...

প্রধানমন্ত্রীর ঘোষণার বাস্তবায়ন নেই

# রাজধানীতে উন্নতমানের ২০ স্কুল স্থাপন অনিশ্চিত

যুগান্তর রিপোর্ট

খাসজমির অভাবে রাজধানীতে উন্নতমানের স্কুল স্থাপন অনিশ্চিত হয়ে পড়েছে। সম্প্রতি শিক্ষার মানোন্নয়নে রাজধানীতে ২০টি উন্নতমানের স্কুল স্থাপনের ঘোষণা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

কিন্তু প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের কোন উদ্যোগ নেই। ঢাকায় প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের অত্যধিক চাপের কারণে প্রধানমন্ত্রী নতুন আরও ২০টি স্কুল স্থাপনের ঘোষণা দেন।

সূত্র জানায়, প্রধানমন্ত্রীর নির্দেশ মতো ভূমি মন্ত্রণালয় ঢাকা শহরে উন্নতমানের স্কুল স্থাপনের জন্য খাসজমি খোঁজা শুরু করেছে। কিন্তু আজ পর্যন্ত স্কুলের জন্য খাসজমি না পাওয়ায় স্কুল স্থাপনের কাজ শুরু করা যায়নি। তবে এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নিজস্ব কোন উদ্যোগ না থাকায় প্রধানমন্ত্রীর ঘোষণা কেবল ঘোষণাই থেকে যাচ্ছে। এছাড়া খাসজমি নিয়েও ভূমি মন্ত্রণালয়, পূর্ত ও ধর্ম মন্ত্রণালয়ের মধ্যে চলছে রশি টানাটানি।

ঢাকা শহরে নতুন ২০টি স্কুলের বিরোধিতা করে সংশ্লিষ্টরা বলছেন, এ স্কুলগুলো ঢাকায় স্থাপন করা হলে নগরীর যানজট আরও বেড়ে যাবে। রাজধানীর ওপর চাপও বাড়বে। তবে এ স্কুলগুলো ঢাকার বাইরে জেলা শহরগুলোতে করা হলে ঢাকার ওপর চাপ কমবে এবং গ্রামের মানুষ উন্নতমানের পড়ালেখার সুযোগ পাবে।

ভূমি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ঢাকা শহরের খাসজমির প্রকৃত হিসাব তাদের কাছে নেই। ২০টি স্কুল করার মতো জমির অভাব না থাকলেও খাসজমির অভাব রয়েছে। রাজধানীর অধিকাংশ খাসজমি প্রভাবশালীদের দখলে। অনেকেই এসব জমি দীর্ঘদিন ধরে ভুয়া কাগজপত্র তৈরি করে নানা স্থাপনা নির্মাণ করে ভোগদখল করছে। এছাড়া কেউ কেউ আদালতে মামলা ঠুকে দিয়ে বছরের পর বছর সরকারের খাসজমি দখলে রেখেছে।